গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সওব্য-৬ শাখা
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.১৫৫.১৫.২০৫.২২-৬৮

তারিখ: ২৭ চৈত্র ১৪২৮ ব. / ১০ এপ্রিল ২০২২ খ্রি.

বিষয়: **সরকারিকৃত মনোহরদী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, মনোহরদী, নরসিংদী-এর পদ সৃজন।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯২.১৫.০৯৬.২১-১২; তারিখ : ৩০.১২.২০২১খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সরকারিকৃত মনোহরদী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, মনোহরদী, নরসিংদী-এর বেসরকারি আমলে কর্মরত শিক্ষক-কর্মচারীকে আত্তীকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত ৩৩(তেতত্রিশ)টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে সৃজনে বর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

| ক্র.নং | পদনাম | বিষয় | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| | **স্কুল শাখা** | | | |
| ১. | প্রধান শিক্ষক | প্রশাসনিক | ০১(এক)টি | --- |
| ২. | সহকারী প্রধান শিক্ষক | প্রশাসনিক | ০১(এক)টি | |
| ৩. | সহকারী শিক্ষক | ভৌত বিজ্ঞান | ০১(এক)টি | |
| | | গণিত | ০২(দুই)টি | |
| | | বাংলা | ০২(দুই)টি | |
| | | ইসলাম ধর্ম | ০১(এক)টি | |
| | | হিন্দু ধর্ম | ০১(এক)টি | পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে পদ দুটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। |
| | | কম্পিউটার শিক্ষা | ০১(এক)টি | |
| | | শারীরিক শিক্ষা | ০১(এক)টি | |
| | | জীব বিজ্ঞান | ০১(এক)টি | |
| | | কৃষি শিক্ষা | ০১(এক)টি | |
| | | সামাজিক বিজ্ঞান | ০৩(তিন)টি | |
| | | ইংরেজি | ০১(এক)টি | |
| ৪. | সহকারী গ্রন্থাগারিক | - | ০১(এক)টি | |
| ৫. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | - | ০১(এক)টি | |
| ৬. | অফিস সহায়ক | - | ০২(দুই)টি | |
| | **ভোকেশনাল শাখা** | | | |
| ৭. | সহকারী শিক্ষক | টেকনিক্যাল | ৮(আট)টি | --- |
| | | গণিত | ০১(এক)টি | |
| ৮. | কম্পিউটার ডেমোনেস্টেটর | - | ০১(এক)টি | |
| ৯. | ল্যাব এ্যাসিস্ট্যান্ট | - | ০২(দুই)টি | |
| | **সর্বমোট =** | | **৩৩(তেতত্রিশ)টি** | |

সচিবের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সচিব

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক)
ডাইরী নং.......
তারিখঃ
সঃ মাধ্য-১
সঃ মাধ্য-২
সঃ মাধ্য-৩

**শর্তাবলি:**

(০১) অর্থ বিভাগের সম্মতি গ্রহণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করতে হবে।
(০২) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহন করতে হবে।
(০৩) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে।

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

(০৪) প্রাপ্যতার অধিক পদে কর্মরত শিক্ষক/কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। প্রশাসনিক মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

(০৫) শিক্ষক কর্মচারীদের আত্তীকরণের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করতে হবে।

(০৬) যে সব পদ নিয়োগবিধিতে নেই সে সকল পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত করতে হবে।

(০৭) যেসকল সহকারী শিক্ষকগণের বি.এড ডিগ্রি নেই তাঁদেরকে নিয়োগ প্রাপ্তির ০৫ (পাঁচ) বছরের মধ্যে বি.এড ডিগ্রি অর্জন করতে হবে।

(০৮) আত্তীকরণের লক্ষ্যে সৃজিত পদসমূহের ক্ষেত্রে জাতীয়করণের তারিখ অর্থাৎ **১১.১০.২০১৮** তারিখ হতে সৃজনের আদেশ কার্যকর হবে।

(০৯) 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'-তে উল্লিখিত সেবা তালিকার অন্তর্ভুক্ত পদসমূহে নিয়োগকৃত কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে পদ শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হয়ে যাবে। উক্ত সেবা অত্যাবশ্যক হলে 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(১০) প্রশাসনিক মন্ত্রণালয় হতে জারিকৃত আদেশের অনুলিপি ও অর্থ বিভাগের পদ সৃজনের পৃষ্ঠাংকিত আদেশের কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ এবং সংস্কার ও গবেষণা অনুবিভাগে প্রেরণ করতে হবে।

(১১) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণকে আত্তীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় যাবতীয় তথ্যাদি/কাগজপত্রের সত্যতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

২০/৫/২২

(লুবনা ফারজানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭১০৮
Email: om6@mopa.gov.bd

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ও আহবায়ক, মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্ত ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।

২। অতিরিক্ত সচিব (সওব্য), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। অফিস কপি।